



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনস্বাস্থ্য-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা


নং-স্বাপকম/অতিঃসচিব(জঃওবি)/বিবিধ-০১/২০২০/৬৯

তারিখ: ০১.০৩.২০২০ খ্রিঃ।

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে দীর্ঘজীবী বৃক্ষ রোপনের পরিকল্পনা সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০২.০১.২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে দীর্ঘজীবী বৃক্ষ রোপনের পরিকল্পনা সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৪ (চার) পাতা।

 ১/৩/২০২০
(মাকসুদা ইয়াসমিন)
উপসচিব
ফোন-৯৫১১০৭২।

বিভাগীয় কমিশনার, (সকল)

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (জ/বি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনস্বাস্থ্য-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা


নং-স্বাপকম/অতিঃসচিব(জঃওবি)/বিবিধ-০১/২০২০/৭০

তারিখ: ০১.০৩.২০২০ খ্রিঃ।

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষিকী উদযাপন উপলক্ষে দীর্ঘজীবী বৃক্ষ রোপনের পরিকল্পনা সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০২.০১.২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে দীর্ঘজীবী বৃক্ষ রোপনের পরিকল্পনা সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৪ (চার) পাতা।


(মাকসুদা ইয়াসমিন)
উপসচিব
ফোন-৯৫১১০৭২।


জেলা প্রশাসক (সকল)

.....

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (জ/বি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

(খ) হাসপাতালের বিবরণী:	উপপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা ডাঃ মুনশী মোঃ ছাদুল্লাহ বলেন যে, এ কর্মসূচিতে কমিউনিটি ক্লিনিক/সাব-সেন্টার/উপজেলা হেলথ কমপ্লেক্স/জেলা হাসপাতাল/ স্পেশালাইজড হাসপাতালকে অন্তর্ভুক্ত করা যেতে পারে।	সংশ্লিষ্ট ইউএইচএন্ড এফপিও/ সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক/ পরিচালক
(১) কমিউনিটি ক্লিনিক	(১) উপপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা বলেন যে, পুরোনো কমিউনিটি ক্লিনিকে ৫(পাঁচ) শতক এবং নতুন কমিউনিটি ক্লিনিকে ৮(আট)শতক জায়গা রয়েছে। ইউনিয়ন পর্যায়ে গড়ে ৩টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। সে হিসেবে প্রতিটি উপজেলায় গড়ে ২০-৩০টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। দেশে ১৩,৮০০টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। সভাপতি উল্লেখ করেন যে, প্রত্যেকটি কমিউনিটি ক্লিনিকে চাপা/বকুল গাছ রোপন করা যেতে পারে।	(১) কমিউনিটি ক্লিনিকে- চাঁপা/বকুল গাছ রোপন করা যেতে পারে।
২) সাব-সেন্টার	(২) স্বাস্থ্য বিভাগের প্রতিষ্ঠান হিসেবে দেশে মোট ১৩৬২টি সাব-সেন্টার রয়েছে। প্রতিটি উপজেলায় ৩টি করে সাব-সেন্টার আছে। প্রত্যেকটি সাব- সেন্টারে চাঁপা/বকুল গাছ রোপন করা যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	(২) সাব সেন্টারে-চাঁপা/ বকুল গাছ রোপন করা যেতে পারে।
(৩) উপজেলা হাসপাতাল	(৩) দেশের উপজেলা হেলথ কমপ্লেক্সের সংখ্যা ৪৯০টি (সদর উপজেলা বাদে ৪২৬টি)। উপজেলা হেলথ কমপ্লেক্স এর জায়গার পরিমাণ ৫ একর। প্রতিটি উপজেলা হেলথ কমপ্লেক্সে কাঠবাদাম/ জলপাই গাছ রোপন এর বিষয়ে মতামত ব্যক্ত করা হয়।	(৩) উপজেলা হেলথ কমপ্লেক্সে-কাঠবাদাম/ জলপাই গাছ রোপন করতে হবে।
(৪) জেলা হাসপাতাল	(৪) জেলা হাসপাতালের সংখ্যা ৬৪টি। তবে কিছু জেলায় অতিরিক্ত জেনারেল হাসপাতাল রয়েছে। প্রতিটি জেলা হাসপাতালে কাঠবাদাম/ জলপাই গাছ রোপন এর বিষয়ে মতামত ব্যক্ত করা হয়।	(৪) জেলা হাসপাতালে- কাঠবাদাম/জলপাই গাছ রোপন করা যায়।
(৫) মেডিকেল কলেজ হাসপাতাল	(৫) মেডিকেল কলেজ হাসপাতালের সংখ্যা ৩৩টি এবং সভায় প্রতিটি মেডিকেল কলেজ হাসপাতালে বকুল/অর্জুন গাছ রোপনের বিষয়ে মতামত ব্যক্ত করা হয়।	(৫) মেডিকেল কলেজ হাসপাতালে-বকুল/অর্জুন গাছ রোপন করার সুপারিশ গৃহীত হয়।
(৬) স্পেশালাইজড হাসপাতাল	(৬) স্পেশালাইজড হাসপাতালের সংখ্যা ১৩টি। প্রতিটি স্পেশালাইজড হাসপাতালে চাঁপা/বকুল গাছ রোপন এর বিষয়ে মতামত ব্যক্ত করা হয়।	(৬) স্পেশালাইজড হাসপাতালে-চাঁপা/বকুল গাছ রোপন করার সুপারিশ গৃহীত হয়।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনস্বাস্থ্য-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে দীর্ঘজীবী বৃক্ষ রোপনের পরিকল্পনা সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : রীনা পারভীন, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

তারিখ : ০৮/০১/২০২০

সময় : সকাল ৯:৩০ মিনিট

স্থান : সভাপতি এর অফিস কক্ষ (কক্ষ নং-২৪০, ভবন নং-০৩)

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-ক।


সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যথাযোগ্য মর্যাদায় জাতির জনক শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে দেশের প্রতিটি হাসপাতালে একটি দীর্ঘজীবী গাছ লাগানোর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা যেতে পারে। এ বিষয়ে মতামত প্রদান করার জন্য তিনি সভায় উপস্থিত সকলকে আহ্বান জানান। সভায় এ লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ক) গাছের ধরণ নির্বাচন	সভায় উপস্থিত পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়ের উপসচিব, এ,এইচ,এম ফেরদৌস বলেন যে, সারা দেশে একই ধরণের গাছ রোপন করা যাবে কিনা এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন। কমিউনিটি ক্লিনিকের জমি নিজস্ব, এখানে জায়গার পরিমাণ কম বিধায় ঔষধি গাছ লাগানো যেতে পারে। জনাব তপন কুমার বিশ্বাস, যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ বলেন যে, গাছ রোপনের জন্য কি প্রকার গাছ রোপন করা হবে সে বিষয়ে সকলের মতামত প্রয়োজন। উপস্থিত সকলের আলোচনার ভিত্তিতে হাসপাতালের প্রকৃতি ও অবস্থান বিবেচনাপূর্বক সবাই বকুল/ চাঁপা/ কাঠবাদাম/ জলপাই/অর্জুন গাছ লাগানোর বিষয়ে মতামত ব্যক্ত করেন।	দীর্ঘজীবী বৃক্ষ হিসেবে হাসপাতালে বকুল/চাঁপা/ কাঠবাদাম/জলপাই/অর্জুন গাছ লাগানোর সুপারিশ গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইউএইচএন্ড এফপিও/ সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক/ পরিচালক

(গ) গাছ পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ	দেশের প্রতিটি হাসপাতালে গাছ লাগানোর পর পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের জন্য স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়।	রোপিত বৃক্ষের পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানকে অর্পণের সুপারিশ গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইউএইচএন্ড এফপিও/ সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক/ পরিচালক
(ঘ) গাছ সংগ্রহ	সভায় গাছ সংগ্রহ করার সঠিক সময় এবং সংগ্রহ করার বিষয়ে আলোচনার প্রেক্ষিতে পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়ের উপসচিব, এ,এইচ,এম ফেরদৌস স্থান নির্ধারণের পর গাছ লাগানোর আগের দিন স্থানীয় বন/কৃষি বিভাগ থেকে গাছ সংগ্রহ করার বিষয়ে মতামত প্রদান করেন।	নির্ধারিত সময়ের আগের দিন স্থানীয় বন/কৃষি বিভাগ থেকে গাছ সংগ্রহ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ ইউএইচএন্ড এফপিও/ সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক/ পরিচালক
(ঙ) প্রস্তাবিত কর্মসূচি	১. সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ১৭মার্চ মাননীয় মন্ত্রী, স্বাপকম, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে বৃক্ষরোপন কর্মসূচি উদ্বোধন এর বিষয় উল্লেখ করেন। তিনি বলেন দেশের সকল বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে এ কর্মসূচি পালন করা যেতে পারে। ২. স্থানীয় জনপ্রতিনিধি/গণ্যমান্য লোকের অংশগ্রহণের মাধ্যমে এ কর্মসূচিটি সাফল্যমন্ডিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। জেলা প্রশাসক নিজস্ব উদ্যোগে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারেন এবং স্বাস্থ্য সেবা বিভাগের কর্মসূচিতে জেলা প্রশাসকের অংশগ্রহণ নিশ্চিত করতে পারে।	দেশের সকল হাসপাতাল/ কমিউনিটি ক্লিনিকসমূহে নির্ধারিত দিনে অর্থাৎ ১৭ই মার্চ ২০২০ তারিখে গাছ লাগানোর কর্মসূচি পালন করতে হবে। স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানকে এ কর্মসূচি পালনে স্থানীয় জনপ্রতিনিধি/গণ্যমান্য লোকদের সম্পৃক্ত করতে হবে। এ কর্মসূচি পালনের জন্য বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করতে হবে।	বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার। বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট দপ্তর সংস্থা
(চ) মনিটরিং	সার্বিক মনিটরিং-এ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মুখ্য সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন-এ মর্মে সভায় আলোচনা হয়।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মুখ্য সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
(ছ) বাজেট	সভায় উপস্থিত সদস্যরা বাজেটের বিষয়ে জানতে চাইলে সভাপতি মহোদয় স্ব স্ব প্রতিষ্ঠানের বাজেট থেকে এ ব্যয় নির্বাহ করা যেতে পারে বলে উল্লেখ করেন। তবে অতিরিক্ত বাজেট প্রয়োজন হলে তা সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অবহিত করতে পারেন।	স্ব স্ব প্রতিষ্ঠান নিজ উদ্যোগে এ কর্মসূচি পালন করবে।	স্বাস্থ্য অধিদপ্তর/ প্রকল্প পরিচালক/ ইউএইচএন্ডএফ পিও/ সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক/ পরিচালক
(জ) সংশ্লিষ্ট কমিটিতে	পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয় হতে একজন প্রতিনিধি এ কমিটিতে	পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয় এবং কৃষি	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও

প্রতিনিধি অন্তর্ভুক্তকরণ	কো-অপট করার বিষয়ে সভায় আলোচনা হয়।	মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি এ কমিটিতে কো-অপট করতে হবে।	পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
-----------------------------	--------------------------------------	---	-------------------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রীনা পারভীন)

সভাপতি

ও

অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।